

অভিযোগ নং- ৪৮৮/২০১৪

বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (বিটেক), টাঙ্গাইল এর ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সের ৩৪ জন শিক্ষার্থী অত্র কমিশনে এই মর্মে অভিযোগ করেন যে, তারা ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট), গাজীপুর এর বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি হবার সুযোগ পেয়েছেন বিধায় তারা বিটেক এর ভর্তি বাতিল করে ডুয়েট এ ভর্তি হতে ইচ্ছুক। কিন্তু বিটেক কর্তৃপক্ষ তাদের ভর্তি বাতিল করছে না এবং তাদের এস.এস.সি এবং ডিপ্লোমার মূল সনদপত্র এবং মার্কশীট ফেরত দিচ্ছে না।

এমতাবস্থায় ভুক্তভোগী শিক্ষার্থীগণ বিটেক এ তাদের ভর্তি বাতিলসহ মূল সনদপত্র ও মার্কশীট ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহনের জন্য অত্র কমিশনে আবেদন করেন।

জামাকন অভিযোগটি আমলে নিয়ে যথাযথ ব্যবস্থা গ্রহন করার জন্য অভিযোগটি জেলা প্রশাসক, টাঙ্গাইল এবং রেজিস্টার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর প্রেরণ করে। রেজিস্টার, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে জানানো হয় যে, জাতীয় মানবাধিকার কমিশনের চির্ঠির পরিপ্রেক্ষিতে, ঢাকা বিশ্ববিদ্যালয় ডিনস কমিটির ২৫/১১/১৪ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত ৩৪ জন ছাত্র-ছাত্রীদের এস.এস.সি ও ডিপ্লোমা পাশের মূল সনদপত্র ফেরত প্রদানের জন্য বিটেককে নির্দেশ দেয়া হয়েছে। সেমতে, উক্ত ৩৪ জন শিক্ষার্থী তাদের মূল সনদপত্র ফেরত পেয়ে ডুয়েটে ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছে।